



যশোর পৌরসভা কার্যালয়  
মুন্সি মেহেরুল্লাহ সড়ক, যশোর  
স্থাপিত : ১৮৬৪ খ্রীঃ।  
Web Site: [www.jessorepaurashava.org](http://www.jessorepaurashava.org)

## নকশা অনুমোদন প্রাপ্তির পূর্বে নির্মিত ভবন সম্পর্কিত নোটিশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর পৌরএলাকায় নকশা অনুমোদন প্রাপ্তির পূর্বে নির্মিত ভবনের নকশা অনুমোদনের জন্য আবেদনপত্র জমা দেওয়ার শর্তাবলী:

অনুমোদন প্রাপ্তির পূর্বে নির্মিত ৩ তলা পর্যন্ত ভবনের ক্ষেত্রে,

- ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ মোতাবেক রাস্তার প্রস্থের সাথে ভবনের উচ্চতার সামঞ্জস্য থাকতে হবে।
- ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ মোতাবেক ভবনের সেটব্যাক সংশোধন করতে হবে।
- ভবনের বর্তমান ব্যবহার অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক ভবনের বর্তমান অবস্থার অগ্নি নির্বাপন ব্যবস্থার রিপোর্ট ও ছাড়পত্র গ্রহন করতে হবে।
- যশোর পৌরসভায় নিবন্ধিত নকশা প্রনয়নকারী প্রতিষ্ঠানের B.Sc. Engineer কর্তৃক ভবনের কাঠামোর বিভিন্ন অংশ যেমন: ফাউন্ডেশন, কলাম, বীম ইত্যাদি ও সংশ্লিষ্ট ভবনের জন্য নিরাপদ এবং ভবনের কোন দুর্ঘটনা হলে তার দায় সংশ্লিষ্ট প্রকৌশলীর উপর বর্তাবে মর্মে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

অনুমোদন প্রাপ্তির পূর্বে নির্মিত ৪ তলা বা ততোধিক ভবনের ক্ষেত্রে,

- ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ মোতাবেক রাস্তার প্রস্থের সাথে ভবনের উচ্চতার সামঞ্জস্য থাকতে হবে।
- ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ মোতাবেক ভবনের সেটব্যাক সংশোধন করতে হবে।
- ভবন বিশেষজ্ঞ প্রতিষ্ঠান (BUET/KUET/RUET/CUET/DUET) থেকে ভবনের কাঠামোর বিভিন্ন অংশ যেমন: ফাউন্ডেশন, কলাম, বীম ইত্যাদির লোড টেস্ট করিয়ে সন্তোষজনক রিপোর্টের কপি জমা প্রদান করতে হবে।
- ভবনের বর্তমান ব্যবহার অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক ভবনের বর্তমান অবস্থার অগ্নি নির্বাপন ব্যবস্থার রিপোর্ট ও ছাড়পত্র গ্রহন করতে হবে।

- ❖ উপরোক্ত বিষয়গুলির সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে এ ধরনের ভবনের নকশা অনুমোদনের আবেদনপত্র জমা নেওয়া হবে; এ ধরনে নকশার ক্ষেত্রে নকশা অনুমোদিত হবার পরে ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এর ধারা ৩(খ) এর ৫ অনুসারে জরিমানা সহ নকশা অনুমোদনের ফি জমা দিতে হবে।

**বিঃদ্রঃ** এ ধরনের ভবনের নকশা অনুমোদনের আবেদনপত্র দাখিলের পরে এবং অনুমোদনের পূর্বে অত্র কমিটির সদস্যগণ সরেজমিনে উক্ত ভবন পরিদর্শন করে ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ মোতাবেক ভবনের সেটব্যাক সম্পর্কিত বিষয়, দাখিলকৃত নকশার সাথে বাস্তবে ভবনের অবস্থান সম্পর্কিত বিষয়ে রিপোর্ট দাখিল করবেন।

আদেশক্রমে,  
পৌরকর্তৃপক্ষ